ইসলাম প্রতিদিন

# নিত্যপাঠ-০৫

ইসলাম এন্ড লাইফ

ISLAM AND LIFE

ইসলাম এস্টেট (৩য় তলা), ৫৫/১ পুরানা পল্টন, ঢাকা-১০০০।
+88 01708 43 41 95, +88 01818 64 65 75
info@ac.islamandlife.org, www.ac.islamandlife.org

get background at www.twitterevolutions.com

# কুরআন

সূরা: আল কাউসার　　আয়াত: ০৩　　অবতীর্ণ: মক্কা

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

اِنَّاۤ اَعۡطَيۡنٰکَ الۡكَوۡثَرَ ؕ﴿۱﴾ فَصَلِّ لِرَبِّکَ وَ انۡحَرۡ ؕ﴿۲﴾

اِنَّ شَانِئَکَ هُوَ الۡاَبۡتَرُ ﴿۳﴾

উচ্চারণ: বিসমিল্লাহির রাহমানির রাহিম। ইন্না আ’তাইনাকা আল কাউসার। ফাসাল্লি লিরাব্বিকা ওয়ানহার। ইন্নাশানিয়াকা হুয়াল আবতার।

অর্থ: ১। আমি অবশ্যই তোমাকে (হওযে) কাউসার (বা প্রভূত কল্যাণ) দান করেছি। ২. কাজেই আপনি আপনার রবের উদ্দেশ্যে সালাত আদায় করুন এবং কুরবানী করুন। ৩. নিশ্চয় আপনার প্রতি বিদ্বেষ পোষণকারীই তো নির্বংশ।(১)

# হাদিস

## কিতাব: রিয়াজুসসালিহিন   হাদিস নং: ০৫

وَعَـن أَبِـي سَـعِيدٍ الخُـدرِي رضـي الله عنـه، قَـالَ:

قَـالَ رَسُـولُ اللهِ صلـى الله عليـه وسلـم صلـى الله عليـه

وسلم: « إنَّ مِـنْ أشَـرِّ النَّـاسِ عِنْـدَ اللهِ مَنْزِلَـةً يَـوْمَ القِيَامَـةِ الرَّجُـلَ

يُفْضِي إِلَى الْمَرْأَةِ وتُفْضِي إِلَيْهِ، ثُمَّ يَنْشُرُ سِرَّهَا » رواه مسلم

অর্থ: ১/৬৯০। আবূ সা‘ঈদ খুদরী রাদিয়াল্লাহু ‘আনহু বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “কিয়ামতের দিন আল্লাহর নিকট সবচেয়ে নিকৃষ্ট মানুষ সেই ব্যক্তি হবে, যে স্ত্রীর সঙ্গে মিলন করে এবং স্ত্রী তার সঙ্গে মিলন করে। অতঃপর সে তার (স্ত্রীর) গোপন কথা প্রকাশ করে দেয়।” (মুসলিম)

# ফিকাহ

কিতাব: আহকামে জিন্দেগী অধ্যায় : নাপাকীর বর্ণনা বিষয়: নাপাকীর বিবরণ

* যে সমস্ত নাপাকী চক্ষু দ্বারা দেখা যায় এবং যা থেকে শরীর, কাপড় ও খাদ্যবস্তু পাক রাখা উচিত তা দুই ধরণের:
১। নাজাছাত গলীজা ( যে নাপাকীর হুকুম শক্ত) ২। নাজাছাত খফীফা ( যার হুকুম হালকা)

* মানুষের মলমূত্র, মানুষ ও প্রাণীর রক্ত, বীর্য, মদ, সব ধরণের পশুর পায়খানা, সব ধরণের হারাম পশুর পেশাব এবং পাখীর মধ্যে শুধু হাঁস ও মুরগীর বিষ্টা হল নাজাছাতে গলীজা।

* গরু, মহিষ, বকরী ইত্যাদি সকল হালাল পশুর পেশাব, কাক, চিল ইত্যাদির সকল হারাম পাখির বিষ্টা এবং ঘোড়ার পেশাব হল নাজাছাতে খফীফা।

* হাঁস, মুরগি ও পানকৌড়ি ব্যতীত অন্যান্য হালাল পাখির বিষ্ঠা, যেমন- কবুতর, চড়ুই, শালিক ইত্যাদির বিষ্ঠা এবং বাদুড় ও চামচিকার পায়খানা পাক।